

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৭৭০০.০০০.১৪.০৮০.১৫.২০১৬

তারিখঃ ২৭/০৪/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ পঞ্চগড় জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেঃপঃপঞ্চঃ/পি-৬৩/২০১৬/২৬, তারিখঃ ২৪/২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ১৩,৫০,০০০/- (তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত নিম্নে বর্ণিত ৩টি প্রকল্প নিম্নোক্ত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

ক্রঃনং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১.	প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ	১,৫০,০০০/-
২.	পঞ্চগড় সদর ডাকবাংলো মেরামত ও সংস্কার	৪,৫০,০০০/-
৩.	পঞ্চগড় জেলা পরিষদ অফিস ভবন মেরামত ও সংস্কার	৭,৫০,০০০/-
	মোট=	১৩,৫০,০০০/-

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পঞ্চগড় কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) জেলা পরিষদ কার্যালয়ের সকল পূর্ত কাজ পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে দরপত্র আহবান করে বাস্তবায়ন করতে হবে; কোন অবস্থাতেই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।


(জুবাইদা নসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পঞ্চগড়।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, পঞ্চগড়।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।